

ইসলাম প্রতিদিন

# নিত্যপাঠ-১০

ইসলাম এন্ড লাইফ

ISLAM AND LIFE

info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

+88 01708 43 41 95

# কুরআন

সূরা: ফালাক্ব　　আয়াত: ০৫　　অবতীর্ণ: মক্কা

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

قُلۡ اَعُوۡذُ بِرَبِّ الۡفَلَقِ ۙ﴿۱﴾ مِنۡ شَرِّ مَا خَلَقَ ۙ﴿۲﴾ وَ مِنۡ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ۙ

﴿۳﴾ وَ مِنۡ شَرِّ النَّفّٰثٰتِ فِی الۡعُقَدِ ۙ﴿۴﴾ وَ مِنۡ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ﴿۵﴾

উচ্চারণ: বিসমিল্লাহির রাহমানির রাহিম। ক্বুল আউজু বিরাব্বিল ফালাক্ব। মিন শাররিমা খালাক্ব। ওয়া মিন শাররি গা ছিকিন ইজা ওয়াক্বাব। ওয়া মিন শাররিন নাপ্‌ফাচাতি ফিল ওক্বাদ। ওয়ামিন শাররি হা ছিদিন ইজা হাছাদ।

অর্থ: ১. বলুন, আমি আশ্রয় প্রার্থনা করছি ঊষার রবের ২. তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে, ৩. আর অনিষ্ট হতে রাতের অন্ধকারের, যখন তা গভীর হয়, ৪. আর অনিষ্ট হতে সমস্ত নারীদের, যারা গিরায় ফুক দেয়, ৫. আর অনিষ্ট হতে হিংসুকের, যখন সে হিংসা করে।

# হাদিস

**কিতাব: রিয়াজুসসালিহিন** **হাদিস নং: ০৪**

وعَنْ أبـي عَبْـدِ اللَّهِ جابِـرِ بْـنِ عَبْـدِ اللَّهِ الأَنْصَـارِيِّ رضِـيَ الله عنْهُمَـا قَـالَ :أُنَّـا مَـع النَّبِـيِّ صلّـى اللهُ عَلَيْـهِ وسَـلَّم فـي غـزَاة فقَـال : »إنَّ بِالْمَدِينَـةِ لَرِجَـالاً مَـا سِـرْتُمْ مَسِـيراً ، وَلاَ قَطَعْتُـمْ وَادِيـاً إِلاَّ آانُـوا معكُـم حَبَسَـهُمُ الْمَـرَضُ« وَفِـي روايَـةِ : »إِلاَّ شَـرَأُوأُمْ فـي الأَجْـرِ«
رَواهُ مُسْلِمٌ .

অর্থ: আবূ আবদুল্লাহ জাবের ইবনু আবদুল্লাহ আনসারী রাদিয়াল্লাহু ‘‘আনহু বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে এক অভিযানে ছিলাম। তিনি বললেন, ‘‘মদীনাতে কিছু লোক এমন আছে যে, তোমরা যত সফর করছ এবং যে কোন উপত্যকা অতিক্রম করছ, তারা তোমাদের সঙ্গে রয়েছে। অসুস্থতা তাদেরকে মদীনায় থাকতে বাধ্য করেছে।’’ আর একটি বর্ণনায় আছে যে, ‘‘তারা নেকীতে তোমাদের অংশীদার।’’

সহীহুল বুখারী ২৮৩৮, ২৮৩৯, ৪৪২৩





# ফিকাহ

কিতাব: আহকামে জিন্দেগী অধ্যায় : নাপাকীর বর্ণনা বিষয়: নাপাকীর হুকুম

* মুসলমান অমুসলমান সব লোকের ঝুটা পাক, তবে কোন নাপাক বস্তু তার মুখে থাকা অবস্থায় পানি উচ্ছিষ্ট করলে ঐ প্যানি নাপাক হয়ে যাবে।

* জানা অবস্থায় বে-গানা নারীর ঝুটাও পুরুষের জন্য মাকরূহ। অবশ্য না জানা অবস্থায় খেয়ে ফেললে মাকরূহ হবে না।

* গাঢ় নাজাছাত (যা দেখা যায় যেমন পায়খানা, রক্ত) শরীর বা কাপড়ে লাগলে তা পাক করার নিয়ম হল নাজাছাতকে এমনভাবে ধৌত করবে যেন দাগ না থাকে। একবার বা দুইবার ধোয়ায় দাগ চলে গেলেও পাক হয়ে যাবে। তবে তিনবার ধোয়া মোস্তাহাব। তিনবার ধোয়া সত্বেও এবং নাজাছাত চলে গিয়ে পরিস্কার হয়ে যাওয়া সত্বেও যদি দাগ বা দুর্গন্ধ থেকে যায় তাতে কোন দোষ নেই, সাবান প্রভৃতি লগিয়ে দাগ বা দুর্গন্ধ দূর করা ওয়াজিব নয়।